শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয়: শিল্প ও সংস্কৃতি | ৯ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# নবম শ্রেণির মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয়: শিল্প ও সংস্কৃতি

## শিক্ষাবর্ষ: ২০২৪

# সূচিপত্র

সূচিপত্র 3

ভূমিকা 5

২০২৪ সালে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয় 6

ক) শিখনকালীন মূল্যায়ন 6

খ) ষান্মাসিক ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন 7

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয় 7

ঘ) আচরণিক নির্দেশক 7

ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক ও বার্ষিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ 8

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা 8

ছ) মূল্যায়নে এপসের ব্যবহার 9

পরিশিষ্ট ১ 10

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) 10

পরিশিষ্ট ২ 13

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট 13

পরিশিষ্ট ৩ 20

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক 20

পরিশিষ্ট ৪ 23

ষান্মাসিক/বার্ষিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট 23

পরিশিষ্ট ৫ 25

আচরণিক নির্দেশক বা Behavioral Indicator (BI) 25

পরিশিষ্ট ৬ 28

আচরণিক নির্দেশক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক 28

# ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,
২০২২ সালের নতুন শিক্ষাক্রম অনুযায়ী ২০২৩ সালের ধারাবাহিকতায় ২০২৪ সাল থেকে শুরু হওয়া শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ায় আপনাকে সহায়তা দেওয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

যে বিষয়গুলি মনে রাখতে হবে,

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান— জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরন পর্যবেক্ষণ করে মূল্যায়ন চালিয়ে যাবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার সূচক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থী যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনা বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।

৫। অভিজ্ঞতা পরিচালনার সময় যেখানে শিক্ষা উপকরণের প্রয়োজন হয়, শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যয়ভার বহন করবে।

৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

## ২০২৪ সালে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (নবম শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( ◻ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি এবং বছর শেষে আরেকটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বার্ষিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

### ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে

অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।

- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোন সুবধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' এপস এ ইনপুট দিবেন।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

## খ) ষান্মাসিক ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার কয়েকদিন পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

## গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়

- ✓ যদি কোন অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপুস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন কারনোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিচের নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

## ঘ) আচরণিক নির্দেশক

পরিশিষ্ট ৫ এ আচরণিক নির্দেশকের একটা তালিকা দেয়া আছে।  শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ,

সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার।

## ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক ও বার্ষিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক/বার্ষিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

## চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন

শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরণের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

**ছ) মূল্যায়নে এপসের ব্যবহার**

জাতীয় শিক্ষাক্রম অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ "নৈপুণ্য" অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে এবং শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। কারিকুলাম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতার নির্দেশক অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট প্রস্তুত করে দিবে এই 'নৈপুণ্য' অ্যাপ।

# পরিশিষ্ট ১

## শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

## বিষয়: শিল্প ও সংস্কৃতি

## শ্রেণি: নবম

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০১ | নিজের কল্পনা, অনুভূতি, উপলব্ধি ও ভাব শিল্পকলার যে কোনো একটি শাখায় সংবেদনশীল ও সৃজনশীলভাবে প্রকাশ করতে চর্চা অব্যাহত রাখতে পারা। | ১০.০৯.০১.০১ | অনুভূতি প্রকাশের জন্য মাধ্যম/শাখা নির্বাচন করতে পারছে। | যে কোনো মাধ্যম/শাখায় অংশগ্রহণ করছে। | পছন্দ অনুযায়ী মাধ্যম/শাখায় অংশগ্রহণ করছে। | নিজের সক্ষমতা বুঝে উপযুক্ত মাধ্যম/শাখা নির্বাচন করতে পেরেছে। |
| | | ১০.০৯.০১.০২ | ধারণা ও অনুভূতি প্রকাশ করতে পারছে। | ধারণা নিজের মতো করে সাধারণভাবে প্রকাশ করছে। | ধারণা বুঝে নিজের মতো রূপান্তর করে প্রকাশ করছে। | ধারণা ও অনুভূতি সৃজনশীলভাবে প্রকাশ করছে। |
| | | ১০.০৯.০১.০৩ | চর্চা/অনুশীলন করে দক্ষতা অর্জন করছে। | অনিয়মিতভাবে চর্চা/অনুশীলন করছে। | চর্চা/অনুশীলন করে ধারাবাহিক উন্নয়ন করছে। | নিয়মিতভাবে চর্চা/অনুশীলনের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে। |
| ১০.০৯.০২ | শিল্পকর্ম বা পরিবেশনা প্রদর্শন বা উপস্থাপনের মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ করতে | ১০.০৯.০২.০১ | বিষয়বস্তুর মূলভাব বর্ণনা/প্রকাশ করতে পারছে। | সাধারনভাবে প্রকাশ করছে। | নিজের মতো বুঝে প্রকাশ করছে। | সৃজনশীলভাবে প্রকাশ করছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পারা। | ১০.০৯.০২.০২ | প্রদর্শন ও পরিবেশনার ক্ষেত্রে পদ্ধতি ও কৌশল অনুসরণ করতে পারছে। | প্রদর্শন ও পরিবেশনায় অংশগ্রহণ করছে। | প্রদর্শন ও পরিবেশনায় পদ্ধতি ও কৌশল অনুসরণ করছে। | প্রদর্শন ও পরিবেশনায় পদ্ধতি ও কৌশল অনুসরণ করে সৃজনশীলভাবে প্রকাশ করছে। |
| | | ১০.০৯.০২.০৩ | সহনশীলতা বজায় রাখতে পারছে। | আচরণে সহনশীলতা প্রদর্শন করছে। | উপস্থাপনায় সহনশীলতা প্রদর্শন করছে। | সকল জাতিগোষ্ঠীর শিল্পের প্রতি সহনশীলতা প্রদর্শন করছে। |
| ১০.০৯.০৩ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পকলার বিভিন্ন শাখার রস আস্বাদনে আগ্রহী ও অনুসন্ধিৎসু হতে পারা। | ১০.০৯.০৩.০১ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পকলার বিষয়বস্তুর মূলভাব বর্ণনা/প্রকাশ করতে পারছে। | সাধারনভাবে প্রকাশ করছে। | নিজের মতো বুঝে প্রকাশ করছে। | সৃজনশীলভাবে প্রকাশ করছে। |
| | | ১০.০৯.০৩.০২ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পের তথ্য-উপাত্ত অনুসন্ধান করতে পারছে। | অন্তত একটি মাধ্যমে তথ্য-উপাত্ত জানতে চেষ্টা করছে। | বিভিন্ন মাধ্যমে তথ্য-উপাত্ত খুঁজে বের করছে। | খুঁজে বের করা তথ্য-উপাত্ত কাজে লাগাতে পারছে। |
| | | ১০.০৯.০৩.০৩ | পদ্ধতি ও করণকৌশল অনুসরণ করে চর্চা/অনুশীলন করে দক্ষতা অর্জন করছে। | অনিয়মিতভাবে চর্চা/অনুশীলন করছে। | চর্চা/অনুশীলন করে ধারাবাহিক উন্নয়ন করছে। | নিয়মিতভাবে চর্চা/অনুশীলনের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে। |
| ১০.০৯.০৪ | বয়স উপযোগী অডিও ভিজ্যুয়াল উপভোগ করে তা সূক্ষ্ম বিশ্লেষণের মাধ্যমে যৌক্তিক সমালোচনা করতে পারা। | ১০.০৯.০৪.০১ | অডিও ভিজ্যুয়ালের বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে। | গতানুগতিক/সাধারণভাবে বর্ণনা করতে পারছে। | ছোটো ছোটো অংশে ভাগ করে ব্যাখ্যা করছে। | যৌক্তিকভাবে ব্যাখ্যাসহ বিশ্লেষণ করতে পারছে। |
| | | ১০.০৯.০৪.০২ | অডিও ভিজ্যুয়ালের বিষয়বস্তু বিশ্লেষণ করেনিজের মতামত যুক্তি | প্রতিক্রিয়া প্রকাশ করতে চেষ্টা করছে। | নিজের মতামত প্রকাশ করছে। | যৌক্তিকভাবে ব্যাখ্যাসহ নিজের মতামত প্রতিষ্ঠা করছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | দিয়ে উপস্থাপন করতে পারছে। | | | |
| | | ১০.০৯.০৪.০৩ | অন্যের যৌক্তিক মতামত গ্রহণ করতে পারছে। | অন্যকে মতামত প্রদানের সুযোগ দিচ্ছে। | কিছু ক্ষেত্রে অন্যের মতামত গ্রহণ করছে। | যৌক্তিক যে কোন মতামত গ্রহণ করছে। |
| ১০.০৯.০৫ | শিল্পকলার শাখা চর্চার মধ্য দিয়ে অর্জিত জ্ঞান, দক্ষতা ও মনোভাব অন্যান্য কার্যক্রমে (দৈনন্দিন কাজ, অন্যান্য বিষয়ে পড়াশোনা, ব্যক্তিগত, পারিবারিক বা সামাজিক কার্যক্রম বা সম্পর্ক ইত্যাদি) রূপান্তর করে ব্যবহার করতে পারা। | ১০.০৯.০৫.০১ | নিজেকে সার্বিকভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে রুচিশীলভাবে উপস্থাপনের চেষ্টা করছে। | নিজেকে সৃজনশীলভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে নান্দনিকভাবে উপস্থাপন করছে। |
| | | ১০.০৯.০৫.০২ | অন্যান্য বিষয়ের কাজে শৈল্পিক দক্ষতাকে ব্যবহার করতে পারছে। | দৈনন্দিন কাজে শৈল্পিক দক্ষতাকে ব্যবহার করার চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে শৈল্পিক দক্ষতাকে ব্যবহার করছে। | দৈনন্দিন কাজে শৈল্পিক দক্ষতাকে রুপান্তর করে ব্যবহার করছে। |
| | | ১০.০৯.০৫.০৩ | দৈনন্দিন কাজে রুচিশীলতা প্রকাশ করতে পারছে। | কাজে পরিষ্কার পরিচ্ছন্নতা প্রকাশ পাচ্ছে। | কাজ গুছিয়ে পরিচ্ছন্নভাবে উপস্থাপন করছে। | কাজে সৌন্দর্যবোধ ফুটিয়ে তুলছে। |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট
## বিষয়: শিল্প ও সংস্কৃতি
## শ্রেণি: নবম

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং:** ০১<br>**অভিজ্ঞতার শিরোনাম:** জানার মাঝে অজানারে করেছি সন্ধান | **শ্রেণি:** নবম | **বিষয়:** শিল্প ও সংস্কৃতি |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০১ | নিজের কল্পনা, অনুভূতি, উপলব্ধি ও ভাব শিল্পকলার যে কোনো একটি শাখায় সংবেদনশীল ও সৃজনশীলভাবে প্রকাশ করতে চর্চা অব্যাহত রাখতে পারা। | ১০.০৯.০১.০১ | অনুভূতি প্রকাশের জন্য মাধ্যম/শাখা নির্বাচন করতে পারছে। | যে কোনো মাধ্যম/শাখায় অংশগ্রহণ করছে। | পছন্দ অনুযায়ী মাধ্যম/শাখায় অংশগ্রহণ করছে। | নিজের সক্ষমতা বুঝে উপযুক্ত মাধ্যম/শাখা নির্বাচন করতে পেরেছে। | **প্রদর্শন ও পরিবেশন**<br>▪ আঁকা/গড়া/গান/নাচ/ভঙ্গি/লেখা/কবিতা/ছড়া প্রদর্শন ও পরিবেশন |
| | | ১০.০৯.০১.০২ | ধারণা ও অনুভূতি প্রকাশ করতে পারছে। | ধারণা নিজের মতো করে সাধারণভাবে প্রকাশ করছে। | ধারণা বুঝে নিজের মতো রূপান্তর করে প্রকাশ করছে। | ধারণা ও অনুভূতি সৃজনশীলভাবে প্রকাশ করছে। | ▪ গ্রামীণ, নগর ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির উপাদানের তালিকা ছকে উপস্থাপন। |
| | | ১০.০৯.০১.০৩ | চর্চা/অনুশীলন করে দক্ষতা অর্জন করছে। | অনিয়মিতভাবে চর্চা/অনুশীলন করছে। | চর্চা/অনুশীলন করে ধারাবাহিক উন্নয়ন করছে। | নিয়মিতভাবে চর্চা/অনুশীলনের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে। | ▪ ঐক্য ও সারগাম চর্চা। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ▪ প্রদর্শন ও পরিবেশনের পরিকল্পনা। |
| | | | | | | | ▪ নিজের সংস্কৃতি ব্যাতীত অন্য দুইটি সংস্কৃতির উপর তথ্য-উপাত্ত অনুসন্ধান। |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৪ | বয়স উপযোগী অডিও ভিজ্যুয়াল উপভোগ করে তা সূক্ষ্ম বিশ্লেষণের মাধ্যমে যৌক্তিক সমালোচনা করতে পারা। | ১০.০৯.০৪.০৩ | অন্যের যৌক্তিক মতামত গ্রহণ করতে পারছে। | অন্যকে মতামত প্রদানের সুযোগ দিচ্ছে। | কিছু ক্ষেত্রে অন্যের মতামত গ্রহণ করছে। | যৌক্তিক যে কোন মতামত গ্রহণ করছে। | ▪ গ্রামীণ, নগর ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির উপাদানের তালিকা উপস্থাপনের উপর দলগত মতামত প্রদান। |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৫ | শিল্পকলার শাখা চর্চার মধ্য দিয়ে অর্জিত জ্ঞান, | ১০.০৯.০৫.০১ | নিজেকে সার্বিকভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে রুচিশীলভাবে | নিজেকে সৃজনশীলভাবে | নিজেকে নান্দনিকভাবে উপস্থাপন করছে। | **প্রদর্শন ও পরিবেশন** |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | দক্ষতা ও মনোভাব অন্যান্য কার্যক্রমে (দৈনন্দিন কাজ, অন্যান্য বিষয়ে পড়াশোনা, ব্যক্তিগত, পারিবারিক বা সামাজিক কার্যক্রম বা সম্পর্ক ইত্যাদি) রূপান্তর করে ব্যবহার করতে পারা। | | | উপস্থাপনের চেষ্টা করছে। | উপস্থাপন করতে পারছে। | | ▪ আঁকা/গড়া/গান/নাচ/ ভঙ্গি/লেখা/কবিতা/ছড়া প্রদর্শন ও পরিবেশন |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং:** ০২<br>**অভিজ্ঞতার শিরোনাম:** পৃথিবী অবাক তাকিয়ে রয় | **শ্রেণি:** নবম | **বিষয়:** শিল্প ও সংস্কৃতি |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০২ | শিল্পকর্ম বা পরিবেশনা প্রদর্শন বা উপস্থাপনের মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ করতে পারা। | ১০.০৯.০২.০১ | বিষয়বস্তুর মূলভাব বর্ণনা/প্রকাশ করতে পারছে। | সাধারনভাবে প্রকাশ করছে। | নিজের মতো বুঝে প্রকাশ করছে । | সৃজনশীলভাবে প্রকাশ করছে। | ▪ 'দাম দিয়ে কিনেছি বাংলা' গানের মূলভাব বন্ধুখাতায় লেখা।<br>▪ মুক্তিযুদ্ধে চারুশিল্পী, সংগীতশিল্পী, নৃত্যশিল্পী ও |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অভিনয়শিল্পীদের অবদানের তালিকা তৈরি।<br>▪ মহান মুক্তিযুদ্ধে বিদেশী শিল্পী বন্ধুদের অবদান বন্ধুখাতায় লেখা। |
| | | ১০.০৯.০২.০২ | প্রদর্শন ও পরিবেশনার ক্ষেত্রে পদ্ধতি ও কৌশল অনুসরণ করতে পারছে। | প্রদর্শন ও পরিবেশনায় অংশগ্রহণ করছে। | প্রদর্শন ও পরিবেশনায় পদ্ধতি ও কৌশল অনুসরণ করছে। | প্রদর্শন ও পরিবেশনায় পদ্ধতি ও কৌশল অনুসরণ করে সৃজনশীলভাবে প্রকাশ করছে। | ▪ ‘পূর্ব দিগন্তে সূর্য উঠেছে’ অনুষ্ঠান আয়োজন ও উপস্থাপন।<br>আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |
| | | ১০.০৯.০২.০৩ | সহনশীলতা বজায় রাখতে পারছে। | আচরণে সহনশীলতা প্রদর্শন করছে। | উপস্থাপনায় সহনশীলতা প্রদর্শন করছে। | সকল জাতিগোষ্ঠীর শিল্পের প্রতি সহনশীলতা প্রদর্শন করছে। | |

| **মূল যোগ্যতা নং** | **মূল যোগ্যতা** | **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | | | | **যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন** |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৪ | বয়স উপযোগী অডিও ভিজ্যুয়াল উপভোগ করে তা সূক্ষ্ম বিশ্লেষণের মাধ্যমে যৌক্তিক সমালোচনা করতে পারা। | ১০.০৯.০৪.০৩ | অন্যের যৌক্তিক মতামত গ্রহণ করতে পারছে। | অন্যকে মতামত প্রদানের সুযোগ দিচ্ছে। | কিছু ক্ষেত্রে অন্যের মতামত গ্রহণ করছে। | যৌক্তিক যে কোন মতামত গ্রহণ করছে। | ▪ ‘পূর্ব দিগন্তে সূর্য উঠেছে’ অনুষ্ঠান আয়োজন ও উপস্থাপন।<br>▪ আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৫ | শিল্পকলার শাখা চর্চার মধ্য দিয়ে অর্জিত জ্ঞান, দক্ষতা ও মনোভাব অন্যান্য কার্যক্রমে (দৈনন্দিন কাজ, অন্যান্য বিষয়ে পড়াশোনা, ব্যক্তিগত, পারিবারিক বা সামাজিক কার্যক্রম বা সম্পর্ক ইত্যাদি) রূপান্তর করে ব্যবহার করতে পারা। | ১০.০৯.০৫.০১ | নিজেকে সার্বিকভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে রুচিশীলভাবে উপস্থাপনের চেষ্টা করছে। | নিজেকে সৃজনশীলভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে নান্দনিকভাবে উপস্থাপন করছে। | ▪ 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে' অনুষ্ঠান আয়োজন ও উপস্থাপন।<br><br>আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |
| | | ১০.০৯.০৫.০৩ | দৈনন্দিন কাজে রুচিশীলতা প্রকাশ করতে পারছে। | কাজে পরিষ্কার পরিচ্ছন্নতা প্রকাশ পাচ্ছে। | কাজ গুছিয়ে পরিচ্ছন্নভাবে উপস্থাপন করছে। | কাজে সৌন্দর্যবোধ ফুটিয়ে তুলছে। | ▪ 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে' অনুষ্ঠান আয়োজন ও উপস্থাপন।<br><br>আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং:** ০৩<br>**অভিজ্ঞতার শিরোনাম:** তুমি কেমন করে গান কর হে গুণী | **শ্রেণি:** নবম | **বিষয়:** শিল্প ও সংস্কৃতি |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৩ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পকলার বিভিন্ন শাখার রস আস্বাদনে আগ্রহী ও অনুসন্ধিৎসু হতে পারা। | ১০.০৯.০৩.০১ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পকলার বিষয়বস্তুর মূলভাব বর্ণনা/প্রকাশ করতে পারছে। | সাধারনভাবে প্রকাশ করছে। | নিজের মতো বুঝে প্রকাশ করছে । | সৃজনশীলভাবে প্রকাশ করছে। | ▪ নির্বাচিত আলোকিত মানুষের জীবনী ও কাজের তালিকা।<br>▪ ‘আমরা করবো জয়’ গানটির দৃশ্যকল্প তৈরি। |
| | | ১০.০৯.০৩.০২ | লোকজ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্পের তথ্য-উপাত্ত অনুসন্ধান করতে পারছে। | অন্তত একটি মাধ্যমে তথ্য-উপাত্ত জানতে চেষ্টা করছে। | বিভিন্ন মাধ্যমে তথ্য-উপাত্ত খুঁজে বের করছে। | খুঁজে বের করা তথ্য-উপাত্ত কাজে লাগাতে পারছে। | ▪ নির্বাচিত আলোকিত মানুষের জীবনী ও কাজ সম্পর্কে তথ্য সংগ্রহ। |
| | | ১০.০৯.০৩.০৩ | পদ্ধতি ও করণকৌশল অনুসরণ করে চর্চা/অনুশীলন করে দক্ষতা অর্জন করছে। | অনিয়মিতভাবে চর্চা/অনুশীলন করছে। | চর্চা/অনুশীলন করে ধারাবাহিক উন্নয়ন করছে। | নিয়মিতভাবে চর্চা/অনুশীলনের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে। | ▪ পাঠ্যবইয়ে দেয়া দৃশ্যকলা ও উপস্থাপনকলার চর্চা।<br>▪ ‘আমরা করবো জয়’ অনুষ্ঠানের পরিকল্পনা করে অনুশীলন। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |

| মূল যোগ্যতা নং | মূল যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক | | | | যে শিখন কার্যক্রমগুলো মূল্যায়ন করবেন |
|---|---|---|---|---|---|---|---|
| ১০.০৯.০৫ | শিল্পকলার শাখা চর্চার মধ্য দিয়ে অর্জিত জ্ঞান, দক্ষতা ও মনোভাব অন্যান্য কার্যক্রমে (দৈনন্দিন কাজ, অন্যান্য বিষয়ে পড়াশোনা, ব্যক্তিগত, পারিবারিক বা সামাজিক কার্যক্রম বা সম্পর্ক ইত্যাদি) রূপান্তর করে ব্যবহার করতে পারা। | ১০.০৯.০৫.০১ | নিজেকে সার্বিকভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে রুচিশীলভাবে উপস্থাপনের চেষ্টা করছে। | নিজেকে সৃজনশীলভাবে উপস্থাপন করতে পারছে। | নিজেকে নান্দনিকভাবে উপস্থাপন করছে। | ▪ ‘আমরা করবো জয়’ অনুষ্ঠানের পরিকল্পনা করে উপস্থাপন ।<br><br>আঁকা/গান/নাচ/ অভিনয়/ব্যবস্থাপনা |

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক পরবর্তী পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

**উদাহরণ:**

'জানার মাঝে অজানারে করেছি সন্ধান' শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে তিনটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ১০.০৯.০১.০১, ১০.০৯.০১.০২, ১০.০৯.০১.০৩, ১০.০৯.০১.০৪, ১০.০৯.০১.০৫, ১০.০৯.০১.০৬, ১০.০৯.০৪.০২ এবং ১০.০৯.০৫.০১ (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক (নমুনা)

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : ০১ | শ্রেণি : | নবম | বিষয় : | শিল্প ও সংস্কৃতি | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | জানার মাঝে অজানারে করেছি সন্ধান | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ১০.০৯.০১.০১ | ১০.০৯.০১.০২ | ১০.০৯.০১.০৩ | ১০.০৯.০১.০৪ | ১০.০৯.০১.০৫ | ১০.০৯.০১.০৬ | ১০.০৯.০৪.০২ | ১০.০৯.০৫.০১ |
| ০১ | মোহনা চৌধুরী | □●△ | □○▲ | □●△ | □●△ | □●△ | □●△ | □○▲ | □○▲ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০২ | রাসেল আহমেদ | □●△ | □●△ | ■○△ | □●△ | □●△ | □●△ | □○▲ | □●△ |
| ০৩ | অমিত কুণ্ডু | □○▲ | □○▲ | □●△ | □○▲ | □○▲ | □●△ | □○▲ | □●△ |
| ০৪ | নিলুফার ইয়াসমিন | ■○△ | □●△ | □●△ | □○▲ | □○▲ | □○▲ | □○▲ | □○▲ |
| ০৫ | শিউলি সরকার | □○▲ | □●△ | □○▲ | □●△ | □○▲ | □○▲ | □●△ | □○▲ |
| ০৬ | পার্থ রোজারিও | □○▲ | □●△ | □○▲ | □●△ | □○▲ | □○▲ | □●△ | □○▲ |

# শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | | বিষয় : | শিল্প ও সংস্কৃতি | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| | | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

## পরিশিষ্ট ৪

## ষান্মাসিক/বার্ষিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | |
| **শিক্ষার্থীর আইডি:** ............................... | **শ্রেণি :** | **বিষয় : শিল্প ও সংস্কৃতি** | **শিক্ষকের নাম :** |

| **পারদর্শিতার নির্দেশকের মাত্রা** | | | |
|---|---|---|---|
| **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা** | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

# পরিশিষ্ট ৫

## আচরণিক নির্দেশক বা Behavioral Indicator (BI)

এখানে আচরণিক নির্দেশকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকের অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, আচরণিক নির্দেশক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক (পরিশিষ্ট ৬) ব্যবহার করেই আচরণিক নির্দেশকের মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক নির্দেশক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| 1. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে। | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে। | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে। | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে। |
| 2. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে। | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে। | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে। | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে। |
| 3. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে। | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না। | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না। | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে। |
| 4. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে। | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি। | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে। | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে। |
| 5. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে। | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে। | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে। | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে। |

| | | | |
|---|---|---|---|
| 6. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে। |
| 7. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে। | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না। | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে। | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে। |
| 8. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে। |
| 9. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে। | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না। | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না। | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে। |
| 10. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে। | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে। | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না। | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে। |

# পরিশিষ্ট ৬

## আচরণিক নির্দেশক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

| ষাণ্মাসিক/বার্ষিক সামষ্টিক মূল্যায়ন | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | তারিখ: |
| শ্রেণি : | বিষয় : শিল্প ও সংস্কৃতি | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| রোল নং | নাম | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ